ত্রৈমাসিক

# পূবালী বার্তা

- পূবালী ব্যাংক লিমিটেড এর একটি প্রকাশনা । জুন ২০২৩ ঃ সংখ্যা ২৪

পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

ঐতিহ্যের পথ বেয়ে অর্থনৈতিক অগ্রগতি

ত্রৈমাসিক
পূবালী বার্তা

জুন ২০২৩ ঃ সংখ্যা ২৪




## পূবালী ব্যাংক লিমিটেডের ৪০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেডের ৪০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ০৬ জুন ২০২৩ তারিখে ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে হাইব্রিড পদ্ধতিতে (শারীরিক উপস্থিতি ও ভার্চুয়াল প্লাটফর্মে) অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মনজুরুর রহমান।

৪০তম বার্ষিক সাধারণ সভায় পূবালী ব্যাংক লিমিটেড এর সম্মানিত শেয়ার হোল্ডারদের মতামতের ভিত্তিতে ৩১ ডিসেম্বর ২০২২ সালের জন্য ১২.৫০% ক্যাশ ডিভিডেন্ড প্রদানের সিদ্ধান্ত অনুমোদিত হয়।

বার্ষিক সাধারণ সভায় সম্মানিত পরিচালকবৃন্দ এবং বিপুল সংখ্যক শেয়ার হোল্ডার উপস্থিত ছিলেন। শেয়ার হোল্ডারবৃন্দ ব্যাংকের সার্বিক বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং সুষ্ঠ ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করার পাশাপাশি ব্যাংকের উত্তরোত্তর উন্নতির জন্য দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। সবশেষে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



## পূবালী ব্যাংক লিমিটেডের ‘বার্ষিক ব্যবস্থাপক সম্মেলন ২০২৩’ অনুষ্ঠিত

সেবার মান বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের ব্যবসা সম্প্রসারণে পূবালী ব্যাংকের ব্যবস্থাপকদের উৎসাহিত করার লক্ষ্যে সম্প্রতি কক্সবাজারের হোটেল লং বিচ অডিটরিয়ামে দুইদিন-ব্যাপী ‘বার্ষিক ব্যবস্থাপক সম্মেলন ২০২৩’ অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংকের দেশব্যাপী ৪৯৮ টি শাখার ব্যবস্থাপক, সকল অঞ্চল প্রধান ও প্রধান কার্যালয়ের নির্বাহীবৃন্দের অংশগ্রহণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মেলনের উদ্বোধন করেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান এবং সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী।

সম্মেলনে পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ- মনির উদ্দিন আহমদ, ফাহিম আহমদ ফারুক চৌধুরী, রুমানা শরীফ, এম. কবিরুজ্জামান ইয়াকুব এফসিএমএ (ইউকে) সিজিএমএ, আজিজুর রহমান, মোঃ আবদুর রাজ্জাক মন্ডল, রানা লায়লা হাফিজ এবং স্বতন্ত্র পরিচালক মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

কর্মক্ষেত্রে উৎসাহ বৃদ্ধির লক্ষ্যে ২০২২ সালে বিশেষ সাফল্যের জন্য ৬২ জন শ্রেষ্ঠ ব্যবস্থাপককে প্রধান অতিথি পদক প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে মনজুরুর রহমান উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*




## মনজুরুর রহমান পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান পুনঃনির্বাচিত

বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক জনাব মনজুরুর রহমান পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে পুনঃনির্বাচিত হয়েছেন। সম্প্রতি পরিচালনা পর্ষদের ১৩৮৮তম সভায় তাঁকে সর্বসম্মতিক্রমে চেয়ারম্যান পুনঃনির্বাচিত করা হয়।

ব্যাংকিং, ইন্স্যুরেন্স ও চা উৎপাদন ব্যবসায় সুদীর্ঘ ৫৬ বছরের অভিজ্ঞতাসম্পন্ন জনাব মনজুরুর রহমান রেমা টি কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান। তিনি লাফার্জ হোলসিম বাংলাদেশ লিমিটেডের স্বতন্ত্র পরিচালক ছিলেন। জনাব রহমান বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ এর নির্বাহী কমিটির একজন নির্বাচিত সদস্য ছিলেন।

জনাব রহমান কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী অর্জন করেন। তিনি কুমিল্লার চিওড়া গ্রামের কাজী বাড়ীর সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম খান বাহাদুর মুখলেসুর রহমান ১৯১৬ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে স্নাতক ডিগ্রী অর্জন করেন এবং একজন সফল টি প্ল্যান্টার ছিলেন।






## জকিগঞ্জে পূবালী ব্যাংক লিমিটেডের সোনাসার বাজার উপশাখার শুভ উদ্বোধন

সম্মানিত গ্রাহকবৃন্দকে আধুনিক ও ডিজিটাল ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয়ে সিলেটের জকিগঞ্জ থানার সোনাসার বাজারে পূবালী ব্যাংক লিমিটেডের একটি উপশাখা শুভ উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের পরিচালকদ্বয় হাবিবুর রহমান ও রানা লায়লা হাফিজ। এসময় সিলেট-৬ আসনের সংসদ সদস্য ও সাবেক শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, সিলেট-৫ আসনের সংসদ সদস্য ও পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের সাবেক চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার এবং সিরাজগঞ্জ-২ আসনের সংসদ সদস্য ডাঃ মোঃ হাবিবে মিল্লাত উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন সিলেট প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক আবু লাইছ মোঃ শামসুজ্জামান।

অনুষ্ঠানে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বিশিষ্ট ব্যবসায়ীগণ এবং পূবালী ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

## পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের ১৩তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত



পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের ১৩তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) গত ০৫ এপ্রিল ২০২৩ তারিখে ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুমে হাইব্রিড পদ্ধতিতে (শারীরিক উপস্থিতি ও ভার্চুয়াল প্লাটফর্মে) অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনিরউদ্দিন আহমেদ।

সভায় পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের পরিচালকবৃন্দ- হাবিবুর রহমান, আজিজুর রহমান, এম. কবিরুজ্জামান ইয়াকুব এফসিএমএ (ইউকে) সিজিএমএ, মোস্তফা আহমদ, আয়শা ফারাহ চৌধুরী, রুনা ফৌজিয়া হাফিজ, আহমেদ সালাহ্ সাত্তার, আসিফ এ. চৌধুরী, ড. শাহ্দীন মালিক, মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী, মোহাম্মদ আলী এবং পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আহসান উল্লাহ্ ও মহাব্যবস্থাপক মোঃ শাহ আলম উপস্থিত ছিলেন। এসময় পূবালী ব্যাংক লিমিটেডের সিএফও ও মহাব্যবস্থাপক মোহাম্মদ লিটন মিয়া এফসিএ এবং পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের ও কোম্পানী সচিব গণপতি কুমার বিশ্বাস উপস্থিত ছিলেন।




## 'রেমিট্যান্স পদক' পেল পূবালী ব্যাংক লিমিটেড

২০২২ সালে রেমিট্যান্স সংগ্রহে বিশেষ অবদান রাখার জন্য পূবালী ব্যাংক লিমিটেডকে 'রেমিট্যান্স পদক' প্রদান করেছে সেন্টার ফর নন রেসিডেন্ট বাংলাদেশি (এনআরবি)। রাজধানীর একটি হোটেলে সেন্টার ফর এনআরবি কর্তৃক আয়োজিত "ব্রান্ডিং বাংলাদেশ" শীর্ষক অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান এর নিকট থেকে ক্রেস্ট গ্রহণ করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী।

সেন্টার ফর এনআরবি'র চেয়ারপারসন এমএস সেকিল চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে লন্ডন ওয়ারদিং কাউন্সিল এর মেয়র হেনা চৌধুরী, লন্ডন বার্কিং এন্ড ডেগেনহাম কাউন্সিল এর মেয়র ফারুক চৌধুরী, বাংলাদেশ নৌ-বাহিনীর সাবেক প্রধান এডমিরাল আওরঙ্গজেব চৌধুরী, বিমান বাহিনীর সাবেক প্রধান এয়ার চিফ মার্শাল মাশিহুজ্জামান সেরনিয়াবাত, আর্মড ফোর্সেস ডিভিশন এর সাবেক প্রিন্সিপাল স্টাফ অফিসার লে. জেনারেল মোঃ মাইনুল ইসলাম, বাংলাদেশ পুলিশের সাবেক আইজিপি একেএম শহিদুল হক উপস্থিত ছিলেন।



## বাংলাদেশ ব্যাংক ও পূবালী ব্যাংক লিমিটেডের মধ্যে চুক্তি স্বাক্ষর

পূবালী ব্যাংক লিমিটেড সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের সাথে ৩০০ মিলিয়ন ইউএস ডলারের পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় অংশগ্রহণমূলক চুক্তি স্বাক্ষর করেছে। কোভিড-১৯ অতিমারির কারণে সৃষ্ট তারল্য সংকট মোকাবিলা ও আর্থিক সহায়তা প্রদানে এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংকের উদ্যোগে কোভিড-১৯ ইমার্জেন্সি অ্যান্ড ক্রাইসিস রেসপন্স ফ্যাসিলিটি প্রজেক্ট (সিইসিআরএফপি) নামে এ তহবিলটি প্রবর্তিত হয়। বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর আবু ফারাহ মোঃ নাছেরের উপস্থিতিতে

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*




## ঢাকার (কেন্দ্রীয়, উত্তর, দক্ষিণ), নারায়ণগঞ্জ ও গাজীপুর অঞ্চলের ব্যবস্থাপক সম্মেলন-২০২৩

পূবালী ব্যাংক লিমিটেড এর ঢাকার তিন অঞ্চল (কেন্দ্রীয়, উত্তর, দক্ষিণ) এবং নারায়ণগঞ্জ ও গাজীপুর অঞ্চলের সকল শাখা ব্যবস্থাপক, উপশাখা ব্যবস্থাপক এবং ইসলামী ব্যাংকিং উইন্ডো প্রধানদের অংশগ্রহণে শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০২৩ প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ইছা এবং উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন। সম্মেলনে সভাপতিত্ব করেন ঢাকা উত্তর অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক এ এস সিরাজুল হক চৌধুরী, ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক সুলতানা সরিফুন নাহার, ঢাকা দক্ষিণ অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক মোঃ কামরুজ্জামান, নারায়ণগঞ্জ অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক এ, কে, এম, আব্দুর রকীব এবং গাজীপুর অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক চৌধুরী আব্দুল ওয়াহিদ। জেনারেল ব্যাংকিং ও অপারেশন বিভাগের মহাব্যবস্থাপক মোঃ ফয়জুল হক শরীফ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে মোহাম্মদ আলী উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের ব্যবসা সম্প্রসারণের আহ্বান জানান। সম্মেলনে ব্যাংকের ২০২৩ সালে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিভিন্ন কৌশল ও দিক নিয়ে আলোচনা করা হয়। ভালো ঋণ গ্রহীতা নির্বাচন করে নতুন ঋণ প্রদান এবং ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য অঞ্চল ও শাখা প্রধানদের প্রতি আহ্বান জানান। খেলাপী ঋণ, শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সচেষ্ট হতে এবং নতুনভাবে কোন ঋণ যাতে কোন অবস্থাতেই খেলাপী বা শ্রেণীভুক্ত না হয় সে দিকে সকল অঞ্চল প্রধানকে বিশেষ নজরদারি ও নিবিড় তত্ত্বাবধানের জন্য তিনি নির্দেশ প্রদান করেন।

সম্মেলনে ব্যাংকের প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ এবং উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।




## নতুন নিয়োগপ্রাপ্ত আইটি কর্মকর্তাদের জন্য "ওরিয়েন্টেশন প্রোগ্রাম"

পূবালী ব্যাংক লিমিটেডে নতুন নিয়োগপ্রাপ্ত সফট্ওয়্যার ডেভেলপমেন্ট ডিভিশনের বিভিন্ন পর্যায়ের ৬২ জন আইটি কর্মকর্তাদের জন্য ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে মানব সম্পদ বিভাগ কর্তৃক "ওরিয়েন্টেশন প্রোগ্রাম" এর আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোহাম্মদ ইছা, মোহাম্মদ শাহাদাত হোসেন, আহমদ এনায়েত মনজুর ও মোঃ শাহনেওয়াজ খান। সভাপতিত্ব করেন মানব সম্পদ বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক ইসমত আরা হক।

প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী নবীনদের নিষ্ঠা ও সততার সংগে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, বর্তমান বিশ্বায়নের যুগে নিজেদেরকে ব্যাংকিং সংক্রান্ত সবধরণের জ্ঞান আহরণের মাধ্যমে সমৃদ্ধ করে তুলতে হবে। তিনি আরো বলেন, কঠোর পরিশ্রমই মানুষকে প্রতিভাবান করে তোলে। নবনিযুক্ত কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি বলেন, বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে নিজেকে দক্ষ ব্যাংকার হিসেবে সুপ্রতিষ্ঠিত করা সম্ভব। পূবালী ব্যাংক সব সময় এ দিকটায় বিশেষ দৃষ্টি দিয়ে থাকে।

অনুষ্ঠানে ব্যাংকের চিফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক জাভেদ হাসান এবং সফট্ওয়্যার ডেভেলপমেন্ট ডিভিশন এর প্রধান ও মহাব্যবস্থাপক ইন্দ্র মোহন সূত্রধর এবং মহাব্যবস্থাপক আজুবা খন্দকার, প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ এবং ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।




## ঢাকা ক্যান্টনমেন্টের ইসিবি চত্বরে পূবালী ব্যাংক লিমিটেডের ৫০১তম শাখার শুভ উদ্বোধন

আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে রাজধানী ঢাকার ক্যান্টনমেন্টের ইসিবি চত্বরে পূবালী ব্যাংক লিমিটেডের ৫০১তম শাখা শুভ উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে শাখাটি শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ইছা। সভাপতিত্ব করেন ঢাকা উত্তর অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক এ এস সিরাজুল হক চৌধুরী।

উদ্বোধনী অনুষ্ঠানে সংস্থাপন ও সাধারণ সেবা বিভাগের মহাব্যবস্থাপক দিলীপ কুমার পাল এবং জেনারেল ব্যাংকিং ও অপারেশন বিভাগের মহাব্যবস্থাপক মোঃ ফয়জুল হক শরীফ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী বলেন, পূবালী ব্যাংক লিমিটেড অতি দ্রুত সময়ে সর্বোত্তম এবং আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের জন্য সম্মানিত গ্রাহকদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ। এরই ধারাবাহিকতায় এবং ক্যান্টনমেন্টবাসীকে ব্যাংকের আধুনিক সেবা পৌঁছে দিতে পূবালী ব্যাংক ক্যান্টনমেন্টের ইসিবি চত্বরে শাখা উদ্বোধন করেছে। তিনি এলাকার ব্যবসায়ী ও স্থানীয় মানুষদের এই শাখা হতে ব্যাংকিং সুবিধাগ্রহণের জন্য আহ্বান জানান। পরিশেষে তিনি ব্যাংকের কার্যক্রমকে সাফল্যমন্ডিত করে তুলতে সকলের সহযোগিতা কামনা করেন।

বিশেষ অতিথির বক্তব্যে উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ইছা বলেন, বিশ্বায়নের এই যুগে আধুনিক প্রযুক্তির যথাযথ ব্যবহার করে উন্নততর গ্রাহক সেবা প্রদানে পূবালী ব্যাংক অগ্রাধিকার দিয়ে থাকে। সেই ধারাবাহিকতায় দেশের সর্ববৃহৎ অনলাইন নেটওয়ার্ক সমৃদ্ধ পূবালী ব্যাংকের আধুনিক ব্যাংকিং ধারার সংগে সম্পৃক্ত হওয়ার জন্য তিনি আহ্বান জানান।

অনুষ্ঠানে শাখা ব্যবস্থাপক মাহবুবা হকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন।




## পূবালী ব্যাংক লিমিটেড এর ইসলামী ব্যাংকিং উইন্ডো ব্যবস্থাপকদের সম্মেলন অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড এর ইসলামী ব্যাংকিং উইন্ডো ব্যবস্থাপকদের সম্মেলন ব্যাংকের প্রধান কার্যালয়ের ক্রেডিট কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ইছা। সম্মেলনে সভাপতিত্ব করেন ইসলামিক ব্যাংকিং উইং এর প্রধান ও মহাব্যবস্থাপক দেওয়ান জামিল মাসুদ।

এসময় অন্যান্যের মধ্যে ব্যাংকের চিফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক জাভেদ হাসান; সফটওয়্যার ডেভেলপমেন্ট ডিভিশন প্রধান ও মহাব্যবস্থাপক ইন্দ্র মোহন সূত্রধর এবং সফটওয়্যার ডেভেলপমেন্ট ডিভিশনের মহাব্যবস্থাপক আজুবা খন্দকার উপস্থিত ছিলেন।




## পূবালী ব্যাংক লিঃ ও Small World Financial Services এর মধ্যে রেমিট্যান্স আহরণ চুক্তি স্বাক্ষরিত

ইউরোপসহ বিশ্বের ১৭০টি দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত রেমিট্যান্সের অর্থ নিরাপদে, স্বল্পতম সময়ে ও সহজতম উপায়ে প্রাপকের হাতে পৌঁছে দেওয়ার লক্ষ্যে পূবালী ব্যাংক লিমিটেড এবং Small World Financial Services এর মধ্যে একটি রেমিট্যান্স আহরণ চুক্তি ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। চুক্তিতে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন Small World Financial Services উত্তর ইউরোপ, আফ্রিকা ও এশিয়ার ম্যানেজিং ডিরেক্টর স্ট্যানলি ওয়াচ এবং পূবালী ব্যাংক লিমিটেডের আন্তর্জাতিক বিভাগ এর প্রধান ও মহাব্যবস্থাপক নিশাত মাইসুরা রহমান। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী, উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন এবং Small World Financial Services এর গ্রুপ সিইও খালিদ ফিলাহি উপস্থিত ছিলেন। রেমিট্যান্স আহরণ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।




## পূবালী ব্যাংক লিঃ ও মালয়েশিয়ার মাহকটা মেডিকেল সেন্টারের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

পূবালী ব্যাংক লিমিটেড এবং মালয়েশিয়ার মাহকটা মেডিকেল সেন্টারের মধ্যে একটি সমঝোতা স্মারক সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলীর উপস্থিতিতে সমঝোতা স্মারকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন পূবালী ব্যাংকের হেড অব কার্ড বিজনেস ডিভিশন ও উপ-মহাব্যবস্থাপক এন এম ফিরোজ কামাল এবং মাহকটা মেডিকেল সেন্টারের মার্কেটিং ডিরেক্টর তান কীন হিন। অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আনিসুজ্জামান, অল্টারনেটিভ ডেলিভারি চ্যানেল বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ রবিউল আলম, জেন হেলথ্ ৩৬০ এর চেয়ারম্যান এস এম আলতাফ হোসেনসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের ফলে পূবালী ব্যাংক লিমিটেডের কার্ডহোল্ডারগণ মাহকটা মেডিকেল সেন্টারে সব ধরণের হাসপাতাল খরচ, মেডিকেল চেক-আপ, অ্যাসথেটিক ও লেজার চিকিৎসায় ২০% পর্যন্ত ছাড়সহ বিভিন্ন সুবিধা ভোগ করবেন।

## রেমিট্যান্স প্রমোশনাল ক্যাম্পেইন

'স্ক্র্যাচ কার্ড ঘষলেই নিশ্চিত উপহার' শিরোনামে সম্মানিত প্রবাসীদের কষ্টার্জিত আয় তাদের প্রিয়জনের নিকট প্রেরণ করলে স্ক্র্যাচ কার্ডের মাধ্যমে প্রাপ্ত উপহার বিতরণের জন্য পূবালী ব্যাংক লিমিটেড রেমিট্যান্স প্রমোশনাল ক্যাম্পেইনের আয়োজন করে। এই ক্যাম্পেইনে ৩২ ইঞ্চি এলইডি টিভি প্রাপ্ত রেমিট্যান্স গ্রাহকদের নিকট পুরস্কার হস্তান্তর করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী। এসময় পূবালী ব্যাংক লিমিটেডের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন, আন্তর্জাতিক বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক নিশাত মাইসুরা রহমান, আন্তর্জাতিক বিভাগের উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ আল মামুন, সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক সহ ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীগণ উপস্থিত ছিলেন।




চকবাজার (কুমিল্লা) শাখার সম্মানিত রেমিট্যান্স গ্রাহক মার্জিয়া আক্তার




কমলপুর শাখার সম্মানিত রেমিট্যান্স গ্রাহক মোঃ ইয়াছিন

## CDCS সার্টিফিকেট অর্জন



নুসরাত জাহান

পূবালী ব্যাংক লিমিটেড ট্রেজারী বিভাগের সিনিয়র প্রিন্সিপাল অফিসার এন্ড ম্যানেজার, এফএক্স সেটেলমেন্ট নুসরাত জাহান দি লন্ডন ইনস্টিটিউশন অব ব্যাংকিং এন্ড ফাইন্যান্স কর্তৃক আয়োজিত সার্টিফিকেট ইন ডকুমেন্টারী ক্রেডিট স্পেশালিষ্ট (CDCS সার্টিফিকেট) পরীক্ষায় ৯২% মার্কস পেয়ে উত্তীর্ণ হয়েছেন। তিনি পূবালী পরিবারের সকলের কাছে দোয়া প্রার্থী।

ত্রৈমাসিক পূবালী বার্তা

জুন ২০২৩ ঃ সংখ্যা ২৪

## বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের শাখা ব্যবস্থাপকদের সম্মেলন-২০২৩ অনুষ্ঠিত




সেবার মান বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের ব্যবসা সম্প্রসারণে ব্যবস্থাপকদের উৎসাহিত করার লক্ষ্যে পূবালী ব্যাংক লিমিটেড এর চট্টগ্রাম কেন্দ্রীয়, দক্ষিণ ও উত্তর অঞ্চলের অধীন শাখা ব্যবস্থাপক এবং আগ্রাবাদ ও সিডিএ কর্পোরেট শাখা প্রধানদের সম্মেলন-২০২৩ সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ঋণ প্রশাসন, তদারকি ও আদায় বিভাগের মহাব্যবস্থাপক নরেশ চন্দ্র বসাক এবং এডিসি বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ রবিউল আলম। সম্মেলনে সভাপতিত্ব করেন চট্টগ্রাম প্রিন্সিপাল অফিস এর প্রধান ও মহাব্যবস্থাপক মোহাম্মদ আব্দুর রহিম।

প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। তিনি বলেন, বিশ্বের অর্থনীতির সাথে পাল্লা দিয়ে বাংলাদেশের অর্থনীতির ব্যাপ্তি আর কলেবর বৃদ্ধি পাচ্ছে। ব্যাংকিং খাত এখানে মূখ্য ভূমিকা পালন করছে। তিনি বলেন, প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। তিনি পূবালী ব্যাংকের দক্ষ ও অভিজ্ঞ মানবসম্পদকে যথাযথভাবে ব্যবহারের মাধ্যমে ব্যাংকের ব্যবসা উন্নয়নের পরামর্শ দেন। পরিশেষে ২০২৩ সালের ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন।

চট্টগ্রাম দক্ষিণ অঞ্চল এর প্রধান উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ আলতাব হোসেন ও চট্টগ্রাম উত্তর অঞ্চল এর প্রধান উপ-মহাব্যবস্থাপক মোঃ আখতারুজ্জামান সরকার সম্মেলনে উপস্থিত ছিলেন। ২০২৩ সালে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিভিন্ন কৌশল ও দিক নিয়ে সম্মেলনে বিস্তারিত আলোচনা করা হয়।

## পূবালী ব্যাংক কর্মচারী সংঘ (বাংলাদেশ) এর কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ এর নব নির্বাচিত কমিটি



মোহাম্মদ আব্দুস সাত্তার
সভাপতি

মোঃ মাহবুবুল হক
সাধারণ সম্পাদক

মোঃ মোস্তফা কামাল ভূঁইয়া
কার্যকরী সভাপতি

মোঃ মনোয়ার হোসেন
সহ-সভাপতি

কাজী মাহতাবুল হক
সহ-সভাপতি

মোঃ গোলাম কুদ্দুছ ভূঁইয়া
যুগ্ম সম্পাদক

মোঃ মোজাম্মেল হক
সহ-সাধারণ সম্পাদক

মোঃ মোছলেম মোল্লা মুসা
সহ-সাধারণ সম্পাদক

মোঃ শহিদুল ইসলাম
সাংগঠনিক সম্পাদক

মোঃ নূরে আলম সিদ্দিকী
সাংগঠনিক সম্পাদক

মোঃ এমদাদ হোসেন
সাংগঠনিক সম্পাদক

মোঃ শফিকুল ইসলাম
দপ্তর সম্পাদক

মোঃ মহসিন
অর্থ সম্পাদক

মোঃ জহিরুল হক ভূঁইয়া
প্রচার ও প্রকাশনা সম্পাদক

মোঃ হাসান আল মাহমুদ
ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক

মোঃ আব্দুল জব্বার
কার্যনির্বাহী সদস্য

মোহাম্মদ মিজান
কার্যনির্বাহী সদস্য

## পূবালী ব্যাংক লিঃ ও ইউএস বাংলা এয়ারলাইন্স এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত



পূবালী ব্যাংক লিমিটেড এবং ইউএস বাংলা এয়ারলাইন্স এর মধ্যে একটি সমঝোতা স্মারক সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন পূবালী ব্যাংকের উপ-মহাব্যবস্থাপক ও কার্ড বিজনেস ডিভিশন এর প্রধান এনএম ফিরোজ কামাল এবং ইউএস বাংলা এয়ারলাইন্স এর হেড অব সেলস্ এন্ড মার্কেটিং মোঃ শফিকুল ইসলাম। অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের চিফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক জাভেদ হাসান, হেড অব কার্ডস্ ও মহাব্যবস্থাপক অসীম কুমার রায়, অল্টারনেটিভ ডেলিভারি চ্যানেল বিভাগ এর প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ রবিউল আলমসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের অধীনে, পূবালী ব্যাংক লিমিটেডের কার্ডহোল্ডারগণ ইউএস বাংলা এয়ারলাইন্সের অভ্যন্তরীণ বিমান ভাড়ায় ১০% ছাড় উপভোগ করবেন এবং ক্রেডিট কার্ডহোল্ডারগণ কক্সবাজার, মালদ্বীপ, ব্যাংকক, সিঙ্গাপুর ভ্রমণে হলিডে প্যাকেজের অধীনে ৩ এবং ৬ মাসের জন্য ০% ইএমআই সুবিধা উপভোগ করবেন।

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*



## সাতগাঁ আজিজিয়া দাখিল মাদ্রাসায় প্রিন্টার সহ একটি ল্যাপটপ প্রদান

সিএসআর এর আওতায় পূবালী ব্যাংক লিমিটেড এর পক্ষ থেকে বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলার সাতগাঁ আজিজিয়া দাখিল মাদ্রাসায় প্রিন্টার সহ একটি ল্যাপটপ প্রদান করা হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বরিশাল জেলা পরিষদের চেয়ারম্যান এবং উক্ত মাদ্রাসার সভাপতি এ কে এম জাহাঙ্গীর হোসেন, পূবালী ব্যাংক লিঃ বরিশাল অঞ্চল প্রধান ও উপমহাব্যবস্থাপক শেখ মোঃ সামছুদ্দোহা, বরিশাল শাখার ব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপক মোঃ রুহুল আমিন, হাসপাতাল রোড শাখার ব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপক মোঃ ইদ্রিসুর রহমান উপস্থিত ছিলেন।

ত্রৈমাসিক
পূবালী বার্তা
জুন ২০২৩ ঃ সংখ্যা ২৪




## “Prevention of Money Laundering and Terrorist Financing” বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ

পূবালী ব্যাংক লিমিটেডের Anti Money Laundering বিভাগের আয়োজনে “Prevention of Money Laundering and Terrorist Financing” বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

পূবালী ব্যাংক লিমিটেডের ঢাকা কেন্দ্রীয়, ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, নারায়ণগঞ্জ ও গাজীপুর অঞ্চলের শাখাসমূহ এবং ঢাকাস্থ আটটি কর্পোরেট শাখার Branch Anti Money Laundering Compliance Officer (BAMLCO) -বৃন্দ এই প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেছেন।

প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিশেষ অতিথি ছিলেন Bangladesh Financial Intelligence Unit এর পরিচালক মোঃ আরিফুজ্জামান। সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিমিটেডের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও Chief Anti Money Laundering Compliance Officer (CAMLCO) মোহাম্মদ শাহাদাত হোসেন। প্রশিক্ষণ কার্যক্রমে রিসোর্স পারসন ছিলেন Bangladesh Financial Intelligence Unit এর অতিরিক্ত পরিচালক মুহাম্মদ মহসিন হোসাইনী, যুগ্ম পরিচালক মোঃ রোকন-উজ-জামান এবং যুগ্ম পরিচালক মোহাম্মদ ইসমাইল প্রধান। কার্যক্রমে সমন্বয়কের দায়িত্ব পালন করেন পূবালী ব্যাংক লিমিটেডের উপ-মহাব্যবস্থাপক, DCAMLCO এবং এন্টি মানি লন্ডারিং বিভাগের বিভাগ প্রধান শ্যাম সুন্দর বণিক।




## খুলনা অঞ্চলের ব্রাঞ্চ অপারেশন ম্যানেজারস কনফারেন্স অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড খুলনা অঞ্চলের ব্রাঞ্চ অপারেশন ম্যানেজারস কনফারেন্স-২০২৩ গতকাল সম্প্রতি কেডিএ এভিনিউ শাখা, খুলনার শাখা ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান নীতিশ কুমার রায়, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঋণ প্রশাসন, তদারকি ও আদায় বিভাগের মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান নরেশ চন্দ্র বসাক। সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিমিটেড এর উপমহাব্যবস্থাপক ও খুলনার অঞ্চল প্রধান মোহাম্মদ আরিফুর রহমান। ব্রাঞ্চ অপারেশন ম্যানেজারদের মধ্য থেকে বক্তব্য রাখেন সিনিয়র প্রিন্সিপাল অফিসার অবনী চন্দ্র বসু, মোঃ সেলিম শেখ ও মোঃ মুরাদ আলী প্রমূখ । অনুষ্ঠান সঞ্চালনা করেন আঞ্চলিক কার্যালয়ের প্রিন্সিপাল অফিসার শেখ আবু শামীম।

## কার্ড ব্যবহারকারীদের জন্য পূবালী ব্যাংক এর আকর্ষনীয় সুবিধা

গ্রাহকদের লেনদেনকে সহজ ও স্বাচ্ছন্দময় করতে পূবালী ব্যাংক ডেবিট ও ক্রেডিট কার্ডে আকর্ষনীয় সুযোগ সুবিধা প্রদান করে আসছে। বর্তমানে পূবালী কার্ড ব্যবহারকারী ২৩১ টি মার্চেন্ট এর দেশব্যাপী বিস্তৃত আউটলেট থেকে কেনাকাটার ক্ষেত্রে আকর্ষনীয় ডিসকাউন্ট উপভোগ করছেন। পাশাপাশি বর্তমানে ৩৬ টি মার্চেন্ট এর সাথে আমাদের উগও সুবিধা বিদ্যমান আছে, যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এছাড়া প্লাটিনাম ক্রেডিট কার্ড ব্যবহারকারী দেশের শীর্ষস্থানীয় ১০ টি পাঁচ তারকা হোটেলে B1G1 ক্যাম্পেইনের আওতায় Breakfast, Launch এবং উরহহবৎ এর ক্ষেত্রে একটির সাথে একটি ফ্রি সুবিধা উপভোগ করছেন।

ঈদুল ফিতরকে সামনে রেখে বিগত রমজান মাসে পূবালী কার্ডধারীদের জন্য বিশেষ ক্যাশব্যাক অফার ঘোষনা করা হয়েছিল যা ব্যবহারকারীদের মাঝে ব্যাপক সাড়া ফেলে। মাসব্যাপী এই ক্যাশব্যাক ক্যাম্পেইনে আড়ং, এপেক্স, স্বপ্ন, ইউনিমার্ট, শেফস টেবিলের মত নামকরা লাইফস্টাইল, সুপারশপ প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত ছিল। গ্রাহক আগ্রহ এবং চাহিদা বিবেচনায় বিভিন্ন উৎসব উপলক্ষে আগামী দিনেও আমাদের এই ধরনের কার্যক্রম আরো বিস্তৃত পরিসরে চালিয়ে যাওয়ার পরিকল্পনা রয়েছে।

### “ব্যবস্থাপক সম্মেলন”

............ ১ম পৃষ্ঠার পর

মাধ্যমে ব্যাংকের আমানত, অগ্রীম ও আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। তিনি প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন। শুধু ব্যবসায়িক মুনাফা অর্জন নয়, দেশ ও মানুষের কল্যাণে পূবালী ব্যাংকের অগ্রযাত্রা অব্যাহত থাকবে বলে তিনি প্রত্যয় ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী পূবালী ব্যাংকের অতীত ঐতিহ্য, ইতিহাস ও কৃষ্টির দিকে দৃষ্টিপাত করে বলেন, দক্ষ কর্মীবাহিনী, সর্বোচ্চমানের অনলাইন ব্যাংকিং ব্যবস্থা ও ব্যবস্থাপনার মাধ্যমে দেশের সর্বাধিক সম্প্রসারিত বেসরকারি বাণিজ্যিক ব্যাংক যুগের সাথে তাল মিলিয়ে আধুনিক ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে সেবা পৌঁছে দিতে পূবালী ব্যাংকের প্রয়াস অব্যাহত থাকবে বলে তিনি প্রত্যয় ব্যক্ত করেন। ২০২৩ সাল ব্যাংকিং খাতে পূবালী ব্যাংকের নেতৃত্বদানের বছর হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এসময় উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোহাম্মদ ইছা, মোহাম্মদ শাহাদাত হোসেন, আহমদ এনায়েত মঞ্জুর, মোঃ শাহনেওয়াজ খান ও মোহাম্মদ আনিসুজ্জামান এবং উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

### “ইউএস বাংলা এয়ারলাইন্স”

............ ৫ম পৃষ্ঠার পর

পূবালী ব্যাংকের ডেবিট ও ক্রেডিট কার্ডহোল্ডারগণ বিশেষ ছাড় পাবেন এবং ক্রেডিট কার্ডহোল্ডারগণ ইউএস বাংলা এয়ারলাইন্সের হলিডে প্যাকেজে ৬ মাস পর্যন্ত ০% ইএমআই সুবিধা পাবেন।

### “বাংলাদেশ ব্যাংক ও পূবালী ব্যাংক”

............২য় পৃষ্ঠার পর

পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী এবং সিইসিআরএফপি'র পরিচালক মোহাম্মদ আব্দুল ওয়াহাব চুক্তিতে স্বাক্ষর করেন। পূবালী ব্যাংক লিমিটেডের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আনিসুজ্জামান এবং মহাব্যবস্থাপক ও হেড অব সিএমএসএমই মোঃ ফয়সল আহমদ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## পূবালী ব্যাংক লিঃ ও ডাচ-বাংলা ব্যাংক লিঃ এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত




সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেড এবং ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড পূবালী ব্যাংকের মোবাইল ব্যাংকিং অ্যাপস্ (পাই) এবং ডাচ-বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং (রকেট) এর মধ্যে ফান্ড ট্রান্সফারের জন্য একটি চুক্তি স্বাক্ষর করেছে। চুক্তিতে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন পূবালী ব্যাংক লিমিটেডের অল্টারনেটিভ ডেলিভারি চ্যানেল বিভাগ এর প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ রবিউল আলম এবং ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের ভিপি ও হেড অব মোবাইল ব্যাংকিং ডিভিশন শেখ মোহাম্মদ ইমরান কাদের। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী এবং ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও আবুল কাশেম মোঃ শিরিন উপস্থিত ছিলেন।

এসময় পূবালী ব্যাংক লিমিটেডের উপব্যবস্থাপনা পরিচালক মোঃ শাহনেওয়াজ খান এবং ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের উপব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোঃ আবেদুর রহমান শিকদারসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

## যাঁদের হারিয়েছি ..........

সাম্প্রতিক সময়ে পূবালী পরিবার ৪ জন সদস্যদের হারিয়েছে (২০২২ সালের ডিসেম্বর থেকে ২০২৩ সালের মে পর্যন্ত)। পূবালী পরিবার মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে মরহুমদের বিদেহী আত্মার মাগফেরাত কামনার পাশাপাশি শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।



**মোঃ আব্দুল কাদির**
এসপিও (PRL)
চুনারুঘাট শাখা, হবিগঞ্জ
মৃত্যু ঃ ২২-১২-২০২২



**মোঃ মুজিবর রহমান**
সিনিয়র আর্মড গার্ড
বান্দুরা বাজার উপশাখা, ঢাকা
মৃত্যু ঃ ০৫-০১-২০২৩



**ফাতেমা বেগম**
ডিজেও (ক্যাশ)
চৌকিদেখি শাখা, সিলেট
মৃত্যু ঃ ১৬-০২-২০২৩



**শেখ মোঃ আব্দুল্লাহ আল মামুন**
প্রিন্সিপাল অফিসার
মোঘলটুলি শাখা, ঢাকা
মৃত্যু ঃ ১৯-০৩-২০২৩






## ঢাকা মেডিকেল কলেজে পূবালী ব্যাংক লিমিটেডের কালেকশন বুথ উদ্বোধন

দ্রুত ও আধুনিক সেবা প্রদানের প্রত্যয়ে পূবালী ব্যাংক লিমিটেড ঢাকা মেডিকেল কলেজে একটি কালেকশন বুথ উদ্বোধন করেছে। এই বুথের মাধ্যমে হাসপাতালের রোগীদের বিভিন্ন ফি, ডায়াগনস্টিক টেস্টের ফি ও অন্যান্য ফি এবং মেডিকেল কলেজের শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফি জমা নেওয়া হবে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বুথটির উদ্বোধন করেন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ডাঃ মোঃ টিটো মিঞা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী এবং ঢাকা মেডিকেল কলেজের ভাইস প্রিন্সিপাল অধ্যাপক ডাঃ আব্দুল হানিফ (টাবলু)। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা মেডিকেল কলেজের প্রিন্সিপাল অধ্যাপক ডাঃ মোঃ শফিকুল আলম চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ঢাকা দক্ষিণের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ মহিউদ্দিন আহমেদ।

## কৃতিত্ব



পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের মানব সম্পদ বিভাগের সিনিয়র প্রিন্সিপাল অফিসার মোঃ সাইফুল ইসলাম সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইন্সটিটিউট ঢাকা স্কুল অব ইকোনোমিক্স হতে Masters of Entrepreneurship Economics (M. Econ.) বিষয়ে সর্বোচ্চ CGPA (4.00 out of 4.00) পেয়ে মেধাতালিকায় প্রথম হয়েছেন। ব্যাংকের কৌশলগত পরিকল্পনার অংশ হিসেবে পেশাগত অঙ্গনে দক্ষ জনবল তৈরির ধারাবাহিক প্রচেষ্টায় গত ২০২০-২০২১ সেশনে অত্র ব্যাংক কর্তৃক তাকে এই একাডেমিক প্রোগ্রামে মনোনীত করা হয়েছিল। সাইফুল ইসলাম পূবালী পরিবারের সকলের কাছে দোয়া প্রার্থী।

## মেডিকেল ভর্তি পরীক্ষায় সাফল্য



**মৈত্রেয়ী রায় পিউ**

পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের কনজুমারস ক্রেডিট বিভাগের সহকারী মহাব্যবস্থাপক প্রদ্যুৎ কুমার রায় এবং নিলীমা রায়ের এর কন্যা মৈত্রেয়ী রায় পিউ ২০২২-২০২৩ সেশনে মেডিকেল ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে রাজশাহী মেডিকেল কলেজে ভর্তির যোগ্যতা অর্জন করেছে। সে পূবালী পরিবারের সকলের নিকট দোয়া প্রার্থী।



**তাসনিম ইসলাম**

পূবালী ব্যাংক লিমিটেড মহাখালী কর্পোরেট শাখার সহকারী মহাব্যবস্থাপক কানিজ ফাতিমা এবং স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের সহযোগী অধ্যাপক মোঃ তাজুল ইসলাম এর কন্যা তাসনিম ইসলাম ২০২২-২০২৩ সেশনে মেডিকেল ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল এ ভর্তির যোগ্যতা অর্জন করেছে। সে পূবালী পরিবারের সকলের নিকট দোয়া প্রার্থী।



**নুসরাত নাজনীন**

পূবালী ব্যাংক লিমিটেড আঞ্চলিক কার্যালয়, সিলেট পশ্চিম অঞ্চলের সিনিয়র প্রিন্সিপাল অফিসার মোঃ আব্দুন নূর এবং নাছিমা বেগম এর কন্যা নুসরাত নাজনীন ২০২২-২০২৩ সেশনে মেডিকেল ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর এ ভর্তির যোগ্যতা অর্জন করেছে। সে পূবালী পরিবারের সকলের নিকট দোয়া প্রার্থী।

## এইচ এস সি-২০২২ পরীক্ষায় সাফল্য



**জাফরিন জামান**
জিপিএ-৫

পিতাঃ আবু হাসান মোঃ কামরুজ্জামান
উপ-মহাব্যবস্থাপক
ঋণ প্রশাসন, তদারকি ও আদায় বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ পারভীন আক্তার



**মোঃ সাইফুজ্জামান সিয়াম**
জিপিএ-৫

পিতাঃ মোঃ মনিরুজ্জামান
ড্রাইভার,সদরঘাট শাখা
মাতাঃ সালমা আক্তার সাবানা

## এস এস সি-২০২২ পরীক্ষায় সাফল্য



**জেরিন জামান**
জিপিএ-৫

পিতাঃ আবু হাসান মোঃ কামরুজ্জামান
উপ-মহাব্যবস্থাপক
ঋণ প্রশাসন, তদারকি ও আদায় বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ পারভীন আক্তার



**আদিবা তাহসিন লাবিবা**
জিপিএ-৫

মাতাঃ সেলিনা আক্তার
প্রিন্সিপাল অফিসার
মনিটরিং বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
পিতাঃ মোঃ আমজাদ হোসেন খান

## CSAA সার্টিফিকেট অর্জন



**মোহাম্মদ আবদুর রব**

পূবালী ব্যাংক লিমিটেড ঋণ প্রশাসন, তদারকি ও আদায় বিভাগের সিনিয়র প্রিন্সিপাল অফিসার মোহাম্মদ আবদুর রব অ্যাকাউন্টিং এন্ড অডিটিং অর্গানাইজেশন ফর ইসলামিক ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন, বাহরাইন কর্তৃক আয়োজিত ফেলোশীপ অন সার্টিফাইড শরিয়াহ অ্যাডভাইজার এন্ড অডিটর (CSAA সার্টিফিকেট) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। তিনি পূবালী পরিবারের সকলের কাছে দোয়া প্রার্থী।



**মুহাম্মদ তসলিম উদ্দিন**

পূবালী ব্যাংক লিমিটেড ঋণ প্রশাসন, তদারকি ও আদায় বিভাগের সিনিয়র অফিসার মুহাম্মদ তসলিম উদ্দিন অ্যাকাউন্টিং এন্ড অডিটিং অর্গানাইজেশন ফর ইসলামিক ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন, বাহরাইন কর্তৃক আয়োজিত ফেলোশীপ অন সার্টিফাইড শরিয়াহ অ্যাডভাইজার এন্ড অডিটর (CSAA সার্টিফিকেট) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। তিনি পূবালী পরিবারের সকলের কাছে দোয়া প্রার্থী।

## প্রাথমিক বৃত্তি পরীক্ষা-২০২২ এ সাফল্য



**ত্রেলা আন নূর হাসান**
ট্যালেন্টপুল

মাতাঃ নীলা সুলতানা
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
জেনারেল ব্যাংকিং ও অপারেশন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
পিতাঃ মোহাম্মদ কামরুল হাসান



**সানজারা মেহজাবিন হৃদি**
ট্যালেন্টপুল

পিতাঃ মোঃ হাফিজুর রহমান সরদার
উপ-মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান
আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর
মাতাঃ তানিয়া সুলতানা



**প্রচেতা সরকার নিষ্ঠা**
ট্যালেন্টপুল

পিতাঃ প্রণব কুমার সরকার
সহকারী মহাব্যবস্থাপক
বৈদেশিক বাণিজ্য শাখা,ঢাকা
মাতাঃ শুভ্রা রানী দাস



**রওনাক আলম**
ট্যালেন্টপুল

পিতাঃ মোহাম্মদ আলম বিপ্লব
অফিসার, প্রিন্সিপাল শাখা, ঢাকা
মাতাঃ রেবা আলম

ত্রৈমাসিক
পূবালী বার্তা

জুন ২০২৩ ঃ সংখ্যা ২৪



আহমদ এনায়েত মনজুর



মোঃ শাহনেওয়াজ খান



মোহাম্মদ আনিসুজ্জামান

## উপ-ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পদোন্নতি পেয়েছেন ০৩ (তিন) জন মহাব্যবস্থাপক

পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ আহমদ এনায়েত মনজুর, মোঃ শাহনেওয়াজ খান ও মোহাম্মদ আনিসুজ্জামান'কে ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পদোন্নতি দিয়েছেন।

**আহমদ এনায়েত মনজুর**


উপ-ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পদোন্নতির পূর্বে আহমদ এনায়েত মনজুর মহাব্যবস্থাপক পদে ব্যাংকটির মানব সম্পদ বিভাগের প্রধান হিসেবে দায়িত্বরত ছিলেন। জনাব মনজুর ১৯৯০ সালে প্রবেশনারি অফিসার হিসেবে পূবালী ব্যাংক লিমিটেডে কর্মজীবন শুরু করেন। সুদীর্ঘ ব্যাংকিং ক্যারিয়ারে তিনি শাখা ব্যবস্থাপক, একাধিক অঞ্চলের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ব্যাংকিং পেশার আধুনিক ধারণার সাথে সম্পৃক্ত বিভিন্ন সফট স্কিল বিষয়ে ব্যাংকের নিজস্ব ট্রেইনিং ইন্সটিটিউট এর পাশাপাশি দেশে কার্যরত অন্যান্য ব্যাংকের ট্রেইনিং একাডেমি এবং দি ইন্সটিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) এর রিসোর্স পার্সন হিসেবে ভূমিকা পালন করছেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রাজনীতি বিজ্ঞান বিভাগ হতে অনার্স ও মাস্টার্স পরীক্ষায় মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করেন।

**মোঃ শাহনেওয়াজ খান**

উপ-ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পদোন্নতির পূর্বে মোঃ শাহনেওয়াজ খান মহাব্যবস্থাপক পদে ব্যাংকটির ঋণ মঞ্জুরী বিভাগের প্রধান হিসেবে দায়িত্বরত ছিলেন। জনাব শাহনেওয়াজ ১৯৯৭ সালে প্রবেশনারি সিনিয়র অফিসার হিসেবে পূবালী ব্যাংক লিমিটেডে কর্মজীবন শুরু করেন। সুদীর্ঘ ব্যাংকিং ক্যারিয়ারে তিনি শাখা ব্যবস্থাপক, অঞ্চল প্রধান ও বিভাগ প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ হতে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। জনাব শাহনেওয়াজ দেশে বিদেশে ব্যাংকিং সংক্রান্ত বিভিন্ন সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নেন।

**মোহাম্মদ আনিসুজ্জামান**

উপ-ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পদোন্নতির পূর্বে মোহাম্মদ আনিসুজ্জামান মহাব্যবস্থাপক পদে ব্যাংকটির প্রিন্সিপাল শাখার প্রধান হিসেবে দায়িত্বরত ছিলেন। জনাব আনিসুজ্জামান ১৯৯৭ সালে প্রবেশনারি সিনিয়র অফিসার হিসেবে পূবালী ব্যাংক লিমিটেডে কর্মজীবন শুরু করেন। সুদীর্ঘ ব্যাংকিং ক্যারিয়ারে তিনি ব্যাংকটির একাধিক কর্পোরেট শাখা ব্যবস্থাপকসহ, অঞ্চল প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং বিভাগ হতে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। জনাব আনিসুজ্জামান দেশে বিদেশে ব্যাংকিং সংক্রান্ত বিভিন্ন সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নেন।






## চাঁপাইনবাবগঞ্জের রহনপুরে পূবালী ব্যাংকের ৫০০ তম শাখার উদ্বোধন

আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে অনলাইন ব্যাংকিং সুবিধাসহ চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলার রহনপুরে পূবালী ব্যাংক লিমিটেড এর ৫০০তম শাখা বিগত ২২ মার্চ ২০২৩ তারিখে উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে শাখাটি শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেড রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের অঞ্চল প্রধান ও উপ মহাব্যবস্থাপক মোঃ রফিকুল ইসলাম। রহনপুর শাখার ব্যবস্থাপক মানবেন্দ্র কুমার মজুমদার এর সভাপতিত্বে অনুষ্ঠানে চাঁপাইনবাবগঞ্জ-২ আসনের সাবেক সংসদ সদস্য মোঃ গোলাম মোস্তফা বিশ্বাস এবং রহনপুর পৌরসভা মেয়র মোঃ মতিউর রহমান খান, রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক দেওয়ান মোঃ মশিউর রহমান, রাজশাহী অঞ্চলের বিভিন্ন শাখা ও উপশাখার ব্যবস্থাপকবৃন্দ, মিডিয়া কর্মী এবং সাংবাদিক সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মোঃ রফিকুল ইসলাম বলেন, বিশ্বায়নের এই যুগে আধুনিক প্রযুক্তির যথাযথ ব্যবহার করে উন্নততর গ্রাহক সেবা প্রদানে পূবালী ব্যাংক অগ্রাধিকার দিয়ে থাকে। সেই ধারাবাহিকতায় দেশের সর্ববৃহৎ অনলাইন নেটওয়ার্ক সমৃদ্ধ পূবালী ব্যাংকের আধুনিক ব্যাংকিং ধারার সংগে সম্পৃক্ত হওয়ার জন্য তিনি এলাকার জনগণকে আহ্বান জানান। তিনি আরো উল্লেখ করেন প্রচলিত ব্যাংকিং এর পাশাপাশি পূবালী ব্যাংক বর্তমানে সকল শাখার মাধ্যমে শরীয়াহ ভিত্তিক ইসলামী ব্যাংকিং পরিচালনা করছে। পরিশেষে তিনি ব্যাংকের কার্যক্রমকে সাফল্যমন্ডিত করে তুলতে স্থানীয় সকলের সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে অতিথি বৃন্দের মধ্যে চাঁপাইনবাবগঞ্জ-২ আসনের সাবেক সংসদ সদস্য জনাব মোঃ গোলাম মোস্তফা বিশ্বাস এবং রহনপুর পৌরসভা মেয়র জনাব মোঃ মতিউর রহমান খান বক্তব্য প্রদান করেন। তাঁরা আশা প্রকাশ করেন, রহনপুর শাখা অত্র এলাকার ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবে এবং এলাকার ব্যবসায়ী ও স্থানীয় জনগনকে এই শাখা হতে ব্যাংকিং সুবিধা গ্রহণের জন্য আহ্বান জানান।

## সমৃদ্ধি এবং সাফল্যের গৌরভময় পথচলায় ৬৫ বছরে পদার্পণ করল পূবালী ব্যাংক লিঃ




বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় পূবালী ব্যাংক লিমিটেড একটি সুপরিচিত নাম। ১৯ মে ২০২৩ পূবালী ব্যাংক লিমিটেড সাফল্যের ৬৪ বছর অতিক্রম করে ৬৫ তম বছরে পদার্পণ করেছে। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ব্যাংকটির প্রধান কার্যালয়ে এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কেক কেটে বর্ষপূর্তি উদযাপন করেন। এসময় উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোহাম্মদ ইছা, মোহাম্মদ শাহাদাত হোসেন, আহমদ এনায়েত মনজুর, মোঃ শাহনেওয়াজ খান ও মোহাম্মদ আনিসুজ্জামান এবং উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

সময়ের পথ পরিক্রমায় এই ব্যাংকের আজকের অবস্থান সুদীর্ঘ ৬৪ বছরের এক সোনালী অতীতের সাক্ষ্য বহন করে। এ দেশের ইতিহাস-ঐতিহ্য, আর্থ সামাজিক উন্নয়ন, স্বাধীনতা ও সার্বভৌমত্বের চেতনার সাথে এই ব্যাংকের ইতিহাসের রয়েছে এক নিবিড় সম্পর্ক।

১৯৫৯ সালের ১৯ মে চট্টগ্রামের টেরিবাজারে ‘দি ইস্টার্ণ মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড’ এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। মহান মুক্তিযুদ্ধের পর ১৯৭২ সালে রাষ্ট্রপতির এক আদেশ জারির মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ‘দি ইস্টার্ণ মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড’কে জাতীয়করণ করে তার নাম দেন ‘পূবালী ব্যাংক’।

পরবর্তীতে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ১৯৮৩ সালের জুন মাসে পূবালী ব্যাংককে বিরাষ্ট্রীয়করণ করে একটি পাবলিক লিমিটেড কোম্পানীতে পরিণত করা হয়। যা বর্তমানে ৫০০ টি শাখা, ১৫২ টি উপশাখা, ১৭ টি ইসলামী ব্যাংকিং উইন্ডো আর প্রায় নয় হাজার সুদক্ষ কর্মীবাহিনী নিয়ে পরিচালিত বাংলাদেশের সর্ববৃহৎ বেসরকারি বাণিজ্যিক ব্যাংক পূবালী ব্যাংক লিমিটেড।




রফতানি ও উৎপাদনমুখী শিল্পখাতের গ্রিন প্র্যাকটিস এবং টেকসই প্রবৃদ্ধি ত্বরান্বিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক দেশীয় মুদ্রায় গ্রিন ট্রান্সফরমেশন ফান্ড (জিটিএফ) নামে ৫ হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল গঠন করেছে। বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের আয়োজনে সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের জাহাঙ্গীর আলম কনফারেন্স রুমে এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা পাওয়ার লক্ষ্যে ৩২টি বাণিজ্যিক ব্যাংকের সঙ্গে অংশগ্রহণমূলক চুক্তি স্বাক্ষর হয়। বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার স্বাক্ষরিত চুক্তিপত্রের কপি পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলীর নিকট হস্তান্তর করেন। বাংলাদেশ ব্যাংকের পক্ষে সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের পরিচালক চৌধুরী লিয়াকত আলী এবং পূবালী ব্যাংক লিমিটেডের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক চুক্তিতে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর কাজী ছাইদুর রহমান, নির্বাহী পরিচালক মো খুরশীদ আলমসহ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## সর্বোত্তম গ্রাহকসেবা প্রদানের প্রত্যয়ে উপশাখা সম্প্রসারণ জোরদার করেছে পূবালী ব্যাংক লিমিটেড

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রম এবং প্রত্যন্ত এলাকায় সর্বোত্তম ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে দেশব্যাপী উপশাখা সম্প্রসারণ জোরদার করেছে পূবালী ব্যাংক লিমিটেড। ২০২০ সালের জানুয়ারীতে ব্যাংক ফেনীর পরশুরামে প্রথম উপশাখা চালু করে এবং বর্তমানে মে ২০২৩ পর্যন্ত দেশব্যাপী ১৫৪ টি উপশাখা অনলাইন সুবিধা সহ গ্রাহকদের সকল ব্যাংকিং চাহিদা পূরণ করে আসছে। সম্প্রতি উদ্বোধন হওয়া উল্লেখযোগ্য উপশাখাঃ




মাতুয়াইল উপশাখা, ঢাকা




হরিণাকুন্ডু উপশাখা, ঝিনাইদহ



ইসলামপুর উপশাখা, জামালপুর




নকলা উপশাখা, শেরপুর



নলতা উপশাখা, সাতক্ষীরা

# Pi Banking
## a mobile apps




GET IT ON Google Play
Download on the App Store


# ত্রৈমাসিক পূবালী বার্তা


*প্রধান উপদেষ্টা*

**মোহাম্মদ আলী**
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা

*এডিটোরিয়াল প্যানেল*

**শ্যাম সুন্দর বণিক**
উপ-মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান, গবেষণা ও উন্নয়ন বিভাগ

**মোহাম্মদ আশরাফুল ইসলাম**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**মোঃ মাইদুল হক**
প্রিন্সিপাল অফিসার

**মোঃ শফিকুল ইসলাম**
সিনিয়র অফিসার

*গ্রাফিক্স ডিজাইন*

**মোহাম্মদ রাজীব ইসলাম**
প্রিন্সিপাল অফিসার

**সুভাশীষ কুন্ডু**
অফিসার



পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

**গবেষণা ও উন্নয়ন বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড**
২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত
টেলিফোন : ৯৫১৫৭২৯, পি.এ.বি.এক্স : ২২৩৩৮১৬১৪ এক্স-৩৮১,৩৮২
আইপি ফোন : ০৯৬১২ ৮২ এক্স : ১৯৭০, ১৯৭২ , ১৯৭৪
ই-মেইল : pubalibarta@pubalibankbd.com
ওয়েব : www.pubalibangla.com